

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.৪৯০.২০১৭- ৯৪২

তারিখ : ২৬ জুলাই ২০১৭

বিষয়: ব্রাহ্মণবাড়ীয়া জেলার আশুগঞ্জ উপজেলা পরিষদের আনসার সদস্যগণের পরিশোধিত দৈনিক মজুরির ভূতাপেক্ষ অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া-এর স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০১.০৭.০০৩. ১৭-৫৭৬; তারিখ: ২৯ মে ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামোতে আনসার পদটি অন্তর্ভুক্ত না থাকায় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এ আনসার সদস্যদের দৈনিক মজুরি প্রদানের বিধান না থাকায় প্রস্তাবিত ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাবটি বিবেচনা করা গেল না। একইসাথে ব্রাহ্মণবাড়ীয়া জেলার আশুগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানকৃত ৩,২০,৮০০/- (তিন লক্ষ বিশ হাজার আটশত) টাকা আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে রাজস্ব তহবিলে জমা প্রদান করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

J. Amin
26/07/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া।

২। উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া।

অনুলিপি :

১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়ীয়া।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।